

শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৩.২১(১১)- ২০২১

তারিখ: ১৮ এপ্রিল ২০২২

এসএসসি/সমমান- ২০২১ ও এইচএসসি/সমমান- ২০২০ ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি" এর দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২১ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার/বর্ষে) এবং ২০২০ সালে এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয়/মেডিকেল (১ম সেমিস্টার/বর্ষে) এ অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-

- (ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের মেম্বরশীপ গ্রহণ করেছেন;
(খ) মৃত প্রবাসী কর্মীর ক্ষেত্রে মৃতের পরিবার এ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন।

(২) নিম্নের ছকে বর্ণিত শর্তসাপেক্ষে জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ	
			প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে	মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও বানিজ্য বিভাগ	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.০০
		মানবিক ও বানিজ্য বিভাগ	৪.৫০	৪.০০

(৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

- ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে আনুষঙ্গিক কাগজপত্রাদি, যেমন- পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/মানপাওয়ার ক্লিয়ারেন্স সম্বলিত পাসপোর্টের কপি/ স্মার্টকার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ মিশনের মাধ্যমে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের মেম্বরশীপ;
খ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি;
গ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (কারিগরি শিক্ষার্থীর জন্য প্রযোজ্য);
ঘ) মৃত প্রবাসী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দুতাবাস সনদ) এর ফটোকপি।

(৪) বৃত্তির পরিমাণ:

- ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ০৪ (চার) বছর মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা ও এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয় (১ম সেমিস্টার/বর্ষে) ৪ বছর ও মেডিকেলের জন্য ৫ বছর মাসিক ২,৫০০/- টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;
খ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষা উপকরণসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ বাবদ যথাক্রমে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) ও ৪,০০০/- (চার হাজার) টাকা প্রদান করা হবে।

(৫) আবেদনের প্রক্রিয়া:

- ক) সকল শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের লিংক: <http://stipen.wewb.gov.bd/stipend>
খ) শুধুমাত্র এসএসসি/সমমান ক্যাটাগরিতে ডিপ্লোমা (কারিগরি শিক্ষাবোর্ড) এর শিক্ষার্থী সরাসরি/ডাকযোগে আবেদন করবে। ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.wewb.gov.bd হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করে সরাসরি আবেদন করতে পারবে। আবেদনের সাথে ক্রমিক নং- ৩ এ উল্লিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে;
গ) অনলাইনে/সরাসরি আবেদনকারীর আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে দাখিল করতে হবে। সরাসরি/ডাকযোগে আবেদনের ক্ষেত্রে আবেদন পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;
ঘ) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার মোবাইল নম্বর অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

(৬) শুধুমাত্র এসএসসি/সমমান ক্যাটাগরিতে ডিপ্লোমা (কারিগরি বোর্ড) এর শিক্ষার্থী সরাসরি/ডাকযোগে আবেদন করবে। অন্যান্য ক্যাটাগরির শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করবে।

(৭) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৮) যে কোন তথ্যের জন্য ২৪/৭ "প্রবাসবন্ধু কলসেন্টার" এর নম্বরসমূহ: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০৮০০০১০২০৩০ (টোল ফ্রি), ০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১৮.০৪.২০২২
(আরিফ আহমেদ খান)
উপসচিব
পরিচালক (আইআরপি)